**শ্রম সংস্কার কমিশনের সাথে শিল্প সম্পর্ক শিক্ষায়তনের মতবিনিময়**

**স্থান: শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টংগী**

**তারিখ: ৮ ডিসেম্বর ২০২৪ সময়: সকাল ১১:০০ ঘটিকা**

| বিষয়ভিত্তিক খাত | মূল বিষয় | আলোচনার ফলাফল/মতামত/সুপারিশ |
|---|---|---|
| **শ্রম সংক্রান্ত প্রতিষ্ঠানিক কাঠামো ও গর্ভনেন্স** | **বর্তমান সমস্যাসমূহ** | **অবকাঠামোগত সমস্যা**<br>• আইআরআইয়ের সংখ্যা প্রয়োজনের তুলনায় কম<br>• যাতায়াত ও আবাসিক সুবিধা, পর্যাপ্ত ও পরিচ্ছন্ন মহিলা ওয়াশরুম এর অভাব<br>• প্রশিক্ষণার্থীদের বসার বর্তমান অবস্থা প্রশিক্ষণের উদ্দেশের সাথে অসামঞ্জস্যপূর্ণ<br>• ডিজিটাল বোর্ড, পর্যাপ্ত, পরিচ্ছন্ন ও এসি ক্লাসরুম নেই।<br>• উন্নত লাইব্রেরি ও পর্যাপ্ত বই এর অভাব<br>• প্রশিক্ষণার্থীদের দুপুরের খাবারের ব্যবসথা নেই।<br>• প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট এবং ভাতার অভাব<br>• ঝুকিঁপূর্ণ প্রশিক্ষণ ও প্রশাসনিক ভবন, লাইব্রেরী, ও আবাসন।<br><br>**কারিকুলাম বিষয়ক**<br>• প্রশিক্ষণ মূল্যায়ন টুলস না থাকা<br>• যুগোপযোগী কোর্স কারিকুলাম<br>• বিভিন্ন ভোকেশনাল, কারিগরী ট্রেনিং, ও Need based training<br>• বিভিন্ন আইনের অন্তর্ভুক্তি<br>• প্রশিক্ষক ও প্রশিক্ষণের মান<br><br>**অন্যান্য**<br>• আইআরআইয়ের ও শ্রম অধিদপ্তরের কর্মকর্তাদের দক্ষতা<br>• ভাতা ও বেতন কাঠামো।<br>• প্রশিক্ষণ ব্যয়। |
| | **উত্তরনের সুপারিশ ও উপায়** | **অবকাঠামোগত সুপারিশ**<br>• শিল্প প্রতিষ্ঠানে প্রশিক্ষণের জন্য উপযুক্ত ক্লাসরুম থাকার বিষয়টি শ্রম আইনে বাধ্যতামূলক করা |

| বিষয়ভিত্তিক খাত | মূল বিষয় | আলোচনার ফলাফল/মতামত/সুপারিশ |
|---|---|---|
| | | • জনবল বৃদ্ধি করা। সরাসরি পিএসসি থেকে সুপারিশ প্রাপ্ত ৯ম গ্রেড ভুক্ত কর্মকর্তাদের আইআরআইয়ে পোস্টিং এবং দক্ষ ও মেধাবী কর্মকর্তাদের প্রদায়ন করা।<br>• আইআআইয়ের সংখ্যা বৃদ্ধি করা। নতুন চারটি বিভাগীয় শহরে নতুন ০৪ (চার) টি আই আর আই প্রতিষ্ঠিত করা।<br>• উন্নত লাইব্রেরি ও পর্যাপ্ত সংখ্যক বই থাকতে হবে।<br>• বিদ্যমান আই আর আই সমূহের অবকাঠামো আধুনিক ও যুগোপযোগী করা। যাতায়াত ও আবাসিক সুবিধা, এসি ক্লাসরুমের ব্যবস্থা করা।<br>• ডিজিটাল বোর্ড, পর্যাপ্ত ও পরিচ্ছন্ন ক্লাসরুম ও ওয়াশরুম এর ব্যবস্থা করা। ক্লাসরুমের সামনে একটি বাগান থাকা প্রয়োজন।<br>• প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট এবং ভাতার দাবি জানান।<br>• প্রশিক্ষণার্থীদের দুপুরের লাঞ্চের ব্যবস্থা করা।<br>• অনানুষ্ঠানিক সেক্টরে কর্মরত শ্রমিকদের অধিকার সম্পর্কে সচেতনতার লক্ষ্যে তাদের প্রশিক্ষণের আওতায় আনা।<br>• প্রশিক্ষণ কোর্স পরিচালনার লক্ষ্য বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মকর্তা-কর্মচারীদের যাতায়াতের জন্য প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করা।<br>• আইআরআইয়ে কর্মরতদের ৩০% বিশেষ ভাতা চালুকরণ।<br>• শ্রম অধিদপ্তরের বিদ্যমান আই আর আই এর জমিতে আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ প্রতিষ্ঠান জাতীয় লেবার ইনষ্টিটিউট প্রকল্পের দ্রুত বাস্তবায়ন করা।<br><br>**কারিকুলাম বিষয়ক সুপারিশ**<br>• শ্রম আইনে প্রশিক্ষণ বাধ্যতামূলক করা<br>• আইআরআইয়ের ও শ্রম অধিদপ্তরের কর্মকর্তাদের বাধ্যতামূলক বুনিয়াদী প্রশিক্ষণের ব্যবস্থা করা।<br>• শ্রমিক শিক্ষা প্রশিক্ষণ কোর্সের শিরোনাম "শ্রম আইন বিষয়ক প্রশিক্ষণ" করা এবং কোর্স কারিকুলাম পরিবর্তন করে যুগোপযোগী করা।<br>• শ্রম আইন ও বিধিমালায় প্রশিক্ষণ বিষয়ে উল্লেখিত সকল ধারা ও বিধির বাস্তবিক প্রয়োগ নিশ্চিত করা।<br>• Need based training এর ব্যবস্থা করা।<br>• বিভিন্ন ভোকেশনাল ও কারিগরী ট্রেনিং এর ব্যবস্থা করা। |

| বিষয়ভিত্তিক খাত | মূল বিষয় | আলোচনার ফলাফল/মতামত/সুপারিশ |
|---|---|---|
| | | • কেস স্টাডিকে গুরুত্ব দিয়ে মডিউল করা এবং মডিউলে প্রশিক্ষণ পরবর্তী ফিডব্যাক এর ব্যবস্থা করা<br>• ফলপ্রসূ প্রশিক্ষণের জন্য অডিও ভিজ্যুয়াল উপকরণ তৈরি (যেমন: নাটিকা, ইউটিউব ভিডিও প্রভৃতি)<br>• আইআরআইএর কর্মকর্তাদের শুধু শ্রম আইনের উপর আইএলও'র তত্ত্বাবধানে বিশেষায়িত প্রশিক্ষণের ব্যবস্থা করা।<br>• বর্তমান মডিউল ও ট্রেনিং কারিকুলাম ৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলার উপযোগী করা।<br>• বর্তমান মডিউলে বাংলাদেশ ইপিজেড শ্রম আইন ২০১৯, পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫, পরিবেশ সংরক্ষণ বিধিমালা ১৯৯৭, পরিবেশ আদালত আইন ২০০০ অন্তর্ভুক্ত করা।<br>• ডিপ্লোমা ইন লেবার ম্যানেজমেন্ট, ডিপ্লোমা ইন ইন্ডাষ্ট্রিয়াল ম্যানেজমেন্ট, ডিপ্লোমা ইন সোসাল কমপ্লায়েন্স, ডিপ্লোমা ইন এইচআরএম, ডিপ্লোমা ইন প্রোডাক্টিভিটি এন্ড কোয়ালিটি ম্যানেজমেন্ট, এবং শ্রমিক ও তার পরিবারের জন্য কম্পিউটার প্রশিক্ষণ চালু করা।<br>• শুধু বেসরকারি প্রতিষ্ঠানের জন্য ডিজাইন করা, তা রাষ্ট্রায়ত্ব প্রতিষ্ঠানের জন্য আরো কার্যকরী করা প্রয়োজন।<br>• স্টেক হোল্ডারদের চাহিদা অনুযায়ী বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স চালু।<br>• শ্রম বিধির বিধান মোতাবেক ডিপ্লোমা কোর্স চালু<br>• ছুটির দিনে সান্ধ্যকালীন কোর্স ও ই-লার্নিং চালু করা।<br>• Workplace Cooperation Training; Managing Labour Relations training; শিল্প পুলিশ ও সিকিউরিটি স্টাফদের জন্য ৩/৫ দিন মেয়াদী বিশেষ প্রশিক্ষণ; ৩/৫ দিন মেয়াদী বিষয়ভিত্তিক যেমন – ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন, অসৎ শ্রম আচরণ, এন্টি ইউনিয়ন ডিসক্রিমিনেশন, চাকুরির শর্তাবলী, বিরোধ নিষ্পত্তি ইত্যাদি, চালুকরণ।<br><br>**অন্যান্য**<br>• রিচার্চ পেপারে/জার্নালে আইআরআইয়ের কর্মকর্তাদের লেখা ছাপানোর ব্যবস্থা করা।<br>• শ্রমিকদের মতো মিডলেভেল ম্যানেজমেন্ট এর জন্যও নিম্নতম বেতন কাঠামো চালু করা ও প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণভাতা বৃদ্ধি। |

| বিষয়ভিত্তিক খাত | মূল বিষয় | আলোচনার ফলাফল/মতামত/সুপারিশ |
|---|---|---|
| | | • আইআরআইয়ের ও শ্রম অধিদপ্তরের কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে দেশি-বিদেশি প্রশিক্ষণের ব্যবস্থা করা<br>• প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী প্রেরণে মালিকদের ভীতি দূরকরার উদ্যেগ গ্রহণ করা।<br>• প্রশিক্ষণে সরকার ও মালিকের ব্যয়ের অংশ নির্ধারণ করা।<br>• প্রশিক্ষণ ভাতা অনলাইনে পেমেন্ট করা।<br>• প্রশিক্ষণার্থীদের ভাতাসহ প্রশিক্ষণ সংক্রান্ত অন্যান্য খাতে প্রয়োজনীয় আর্থিক সক্ষমতা বৃদ্ধি। এর মধ্যে রয়েছে প্রশিক্ষণ ভাতা, প্রশিক্ষণ সামগ্রী, কোর্স সহায়ক পুস্তক, খাবার ভাতা, শিক্ষা সফর, কোর্স সমন্বয়কারীর ভাতা, সমাপনীতে পুরস্কার প্রদান ইত্যাদি।<br>• প্রশিক্ষণ কোর্স প্রাতিষ্ঠানিক শ্রমিক ছাড়াও অন্য সকলের জন্য উন্মুক্ত করা এবং বিজ্ঞাপনের মাধ্যমে প্রচারের ব্যবস্থা করা।<br>• কর্মকর্তা ও কর্মচারীদের জন্য আবাসন সুবিধা, প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থিদের জন্য বিনোদন/স্পোর্টস কমপ্লেক্স করা। |